গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম

নং-সককচ/ই-৪২(ফাইনাল)/২০১৮/০৭ তারিখ : ১৫.০৭.২০১৮

বিজ্ঞপ্তি

২০১২-২০১৩ শিক্ষাবর্ষের ২০১৫ সালের মাস্টার্স শেষ পর্ব অনিয়মিত, প্রাইভেট ও মনোন্নয়ন (পুরাতন সিলেবাস) পরীক্ষার ফরম পূরণের তারিখ ও নিয়মাবলী:-

পরীক্ষার্থীর প্রকার	বিষয়	রেজি. নং	তারিখ	ফি'র পরিমাণ
মাস্টার্স শেষপর্ব অনিয়মিত,প্রাইভেট (পুরাতন সিলেবাস) সকলপত্র পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক পরীক্ষার্থীদের জন্য	হিসাববিজ্ঞান ব্যবস্থাপনা	সকল শিক্ষার্থী	২৩.০৭.১৮	অনিয়মিত- ২৯৭৫.০০ ও প্রাইভেট- ২৮২৫.০০
শুধুমাত্র মৌখিক (পুরাতন সিলেবাস) পরীক্ষার্থীদের জন্য	হিসাববিজ্ঞান ব্যবস্থাপনা	সকল শিক্ষার্থী	২৩.০৭.১৮	১৮৭৫.০০
মানোন্নয়ন এবং ২০১৫ সালের মাস্টার্স শেষ পর্বে (পুরাতন সিলেবাস) ১ (এক) বা একাধিক পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের জন্য	হিসাববিজ্ঞান ব্যবস্থাপনা	সকল শিক্ষার্থী	২৩.০৭.১৮	১ পত্রের জন্য-১০৫০.০০ ২ পত্রের জন্য-১৩০০.০০ ৩ পত্রের জন্য-১৫৫০.০০ ৪ পত্রের জন্য-১৮০০.০০

সময়: সকাল ১০.০০টা–দুপুর ১.০০টা

বিঃদ্রঃ নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না।

১। **পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ**

ক) ২০১২-২০১৩ শিক্ষাবর্ষে নিবন্ধিত এবং ২০১৩ শিক্ষাবর্ষে নিবন্ধিত (প্রাইভেট) যে সকল পরীক্ষার্থী পরীক্ষায় আদৌ অংশগ্রহন করেনি তারা ২০১৫ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় অংশগ্রহন করতে পারবে ।

খ) ২০১২-২০১৩ শিক্ষাবর্ষে নিবন্ধিত এবং ২০১৩ শিক্ষাবর্ষে নিবন্ধিত প্রাইভেট যে সকল পরীক্ষার্থী পরীক্ষায় আদৌ অংশগ্রহণ করেনি অথবা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে অথবা আংশিক পরীক্ষায় অংশগ্রণ করেছে তারা ২০১৫ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে । তবে, শর্ত থাকে যে, উক্ত পরীক্ষার্থীকে সকল পত্রেই অংশগ্রণ করতে হবে।

গ) শুধু ২০১৪ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করে যে সব পরীক্ষার্থী মৌখিক, ব্যবহারিক, টিউটোরিয়াল, মাঠকর্ম, থিসিস, মনোগ্রাফ পরীক্ষায় উত্তীর্ণ (৪০% বা বেশী নম্বর) হয়েছে কিন্তু তত্ত্বীয় পত্রে গড়ে ৩৬% নম্বর না পাওয়ায় অকৃতকার্য হয়েছে তারা তত্ত্বীয় যে সব পত্রে ৪৫% এর কম নম্বর পেয়েছে শুধু সে সকল পত্রগুলোতে অংশগ্রহণ করবে। এ ক্ষেত্রে উক্ত পরীক্ষার্থীদের ২০১৪ সালে মৌখিক, ব্যবহারিক, টিউটোরিয়াল, মাঠকর্ম, থিসিস, মনোগ্রাফ এবং ৪৫% এর বেশী পাওয়া তত্ত্বীয় পরীক্ষার নম্বর বহাল থাকবে। ৪৫% এর কম নম্বর পাওয়া সকল তত্ত্বীয় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। এ ক্ষেত্রে ২০১৪ সালের পরীক্ষায় প্রাপ্ত নম্বরের মধ্যে যেটি বেশী সে নম্বর গ্রহণ করে ফলাফল প্রকাশ করা হবে। প্রবেশপত্রে উলেণ্ডখিত সকল পত্রের পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। এ বিষয়ে কারো কোন প্রশ্ন থাকলে ফরম পূরণের পুর্বেই জেনে নিতে হবে।

ঘ) শুধু ২০১৪ সালের পরীক্ষায় তত্ত্বীয় পত্রে উত্তীর্ণ (গড়ে ৩৬% নম্বর প্রাপ্ত) কোন পরীক্ষার্থী মৌখিক/ ব্যবহারিক/ টিউটোরিয়াল/ মাঠকর্ম/ থিসিস/মনোগ্রাফ যে কোন একটি পত্রে অকৃতকার্য (৪০% এর কম নম্বর) হলে ২০১৫ সালে ঐ এক পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ ক্ষেত্রে তার ২০১৪ সালের তত্ত্বীয় ও অন্যান্য পত্রে প্রাপ্ত নম্বর বহাল থাকবে। একাধিক পত্রে অকৃতকার্য পরীক্ষার্থীকে সকল পত্রের (তত্ত্বীয়, ব্যবহারিক ও মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
বিঃ দ্রঃ 'ঘ' ও 'ঙ' উপ-ধারায় উলিণ্ডখিত বিশেষ সুযোগপ্রাপ্ত পরীক্ষার্থীরা অকৃতকার্য হলে রেজিস্ট্রেশন মেয়াদ থাকলে পরবর্তীতে সকল পত্রে অংশগ্রহণ করতে হবে এবং উক্ত ধারায় ২০১৪ সালে সুযোগপ্রাপ্ত পরীক্ষার্থীরা তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ হলে ২০১৫ সালের মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেনা।

২। **মান উন্নয়ন ঃ** জাতীয় বিশ্ববিদ্যালয়ের শুধু ২০১৪ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় তৃতীয় শ্রেণী প্রাপ্ত ছাত্র/ছাত্রীগণ নিম্নে উলিণ্ডখিত শর্তে মান উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহন করতে পারবে-

ক) তৃতীয় শ্রেণী প্রাপ্ত একজন পরীক্ষার্থী শুধু পরবর্তী বছর তত্ত্বীয় পরীক্ষায় সংশিণ্ডষ্ট বছরের জন্য প্রযোজ্য সিলেবাসের আওতায় মাত্র একবার মান উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে কর্মরত কলেজ শিক্ষকদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের অনুমতি সাপেক্ষে পরীক্ষা পাশের ০৩ (তিন) বছরের মধ্যে মান উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে কেবলমাত্র ৪৫% এর কম নম্বর প্রাপ্ত সকল পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

খ) **মান উন্নয়নের ক্ষেত্রে পরীক্ষার্থীদের টিউটোরিয়াল/মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম/থিসিস/মনোগ্রাফ পরীক্ষায় তার পূর্বে প্রাপ্ত নম্বর বহাল থাকবে।**

গ) মান উন্নয়ন পরীক্ষায় পরীক্ষার্থীর পাশের শ্রেণী উন্নীত হলে তার পূর্বে প্রাপ্ত তৃতীয় শ্রেণী ডিগ্রি প্রত্যাহার করা হবে। মান-উন্নয়ন না হলে পূর্বে প্রাপ্ত পাশের নম্বর ও শ্রেণী বহাল থাকবে।

৩। **অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য) ঃ**

ক) আবেদনকারীকে নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয়ের www.nubd.info/mf ওয়েব সাইটে প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। ফিসহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজে কর্তৃক নির্ধারিত ডেস্কে জমা দিতে হবে।

খ) আবেদনকারীকে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২কপি ছবি আবেদন পত্রের সাথে সংযুক্ত করে দিতে হবে।

গ) মানোন্নয়নের জন্য পরীক্ষার্থীকে সতর্কতার সাথে নিজ দায়িত্বে পত্র কোড এন্ট্রি দিতে হবে।

ঘ) রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।

ঙ) টাকা জমার রশিদ 'সংশিণ্ডষ্ট কলেজ কপি'।

চ) মানউন্নয়ন ও ২০১৪ সালের অকৃতকার্য পরীক্ষার্থীদের ক্ষেত্রে পূববর্তী পরীক্ষার প্রবেশপত্র ও রেজিষ্টেশন কার্ডের ফটোকপি জমা দিতে হবে।

৪। **বিবিধঃ**

ক) পরীক্ষার্থীদের পরীক্ষার হলে বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত মূল রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশ পত্র প্রদর্শন করতে হবে।

খ) পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত নির্দিষ্ট বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরম পূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

গ) পরীক্ষার সময়সূচী যথাসময়ে সংশিণ্ডষ্ট কলেজ/কেন্দ্রসমূহে প্রেরণ ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

ঘ) পরীক্ষার্থীরা নিজ নিজ কলেজ কেন্দ্রে পরীক্ষা দিতে পারবে না। অধ্যক্ষগণকে এ বিষয়ে সংশিণ্ডষ্ট সকলকে অবহিত করার জন্যে অনুরোধ করা হলো।

১৫/০৭/১৮

অধ্যক্ষ
সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম